

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ১৩ তারিখ: ১৫ জুলাই ২০১৭

### চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে প্রয়োজন ব্যক্তিগত ও সামাজিক সচেতনতা

এডিস মশা নিধন না করলে চিকুনগুনিয়া এবং ডেঙ্গু থেকে মুক্তি পাওয়া প্রায় অসম্ভব। আর এ মশা নিধনে ব্যক্তি, পরিবার এবং সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। কারণ এ মশাটি ঘরেই জন্মায়। আর নিধন আন্দোলন শুরু করতে হবে ঘর থেকেই।

যেহেতু মশার কারণে রোগটি ছড়িয়ে থাকে, তাই মূল সতর্কতা হিসেবে মশার কামড় থেকে বাঁচার ব্যবস্থা করতে হবে। যেমন ঘরের বারান্দা, আঙিনা বা ছাদ পরিষ্কার রাখতে হবে, যেন পানি তিন দিনের বেশি জমে না থাকে। এসি বা ফ্রিজের নিচেও যেন পানি না থাকে, তাও নিশ্চিত করতে হবে। যেহেতু এই মশাটি দিনের বেলায়ও কামড়ায়, তাই দিনের বেলায় কেউ ঘুমালে অবশ্যই মশারি ব্যবহার করতে হবে। মশা মারার জন্য স্প্রে ব্যবহার করা যেতে পারে। খেয়াল রাখতে হবে যেন মশা ডিম পাড়ার সুযোগ না পায়। এ বিষয়টি যদি আমরা ব্যক্তিগত পর্যায়ে থেকে নিশ্চিত করতে পারি তাহলেই চিকুনগুনিয়া এবং ডেঙ্গু রোগ থেকে মুক্তি লাভ করতে পারি।

### উর্ধতন স্বাস্থ্য কর্মকর্তা ও গণমাধ্যম কর্মীদের নিয়ে কর্মশালা

আগামী ১৯ জুলাই ২০১৭ উর্ধতন স্বাস্থ্য কর্মকর্তা ও ২০ জুলাই ২০১৭ গণমাধ্যম কর্মীদের নিয়ে আইইডিসিআর-এ "চিকুনগুনিয়ার ঝুঁকি বিষয়ে গণসংযোগ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য মন্ত্রণালয় ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এ কর্মশালায় ডাব্লিউএইচও'র দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক বিশেষজ্ঞ অংশ নেবেন।



[ঘড়ির কাঁটা অনুযায়ী] (১) হেল্প ডেস্ক, বন্দর, নারায়ণগঞ্জ (২) মৌলভীবাজার সদর হাসপাতাল (৩) মোহাম্মাদপুরে সচেতনতা র্যালী (৪) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচেতনতা র্যালী

### আপডেট

৯ই এপ্রিল থেকে ১৩ জুলাই ২০১৭ বিকেল ৫টা পর্যন্ত আইইডিসিআর ল্যাবরেটরীতে নিশ্চিত হওয়া চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৬৮০।

### চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে পরিস্থিতি পর্যালোচনা



আইইডিসিআর-এ চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে বৈঠক ১৫/০৭/১৭

আজ ১৫ জুলাই ২০১৭ সকালে চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আবুল কালাম আজাদের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় চিকুনগুনিয়া পর্যবেক্ষণ জাতীয় কমিটির সদস্য বিশিষ্ট কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক প্রফেসর সানিয়া তহমিনা, আইইডিসিআর-এর পরিচালক প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরা, এমআইএস-এর পরিচালক ডা. আশীষ কুমার সাহা নিয়ন্ত্রণ কক্ষে কর্তব্যরত চিকিৎসকবৃন্দ ও উপদেষ্টা উপস্থিত ছিলেন। সভায় চিকুনগুনিয়ার সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা, করণীয় ও সামাজিক সচেতনতা কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণের জন্য একটি উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

### বিশেষ বার্তা

বিভিন্ন বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার চিকুনগুনিয়া পরীক্ষা করছে বলে দাবী করা হচ্ছে। এসব পরীক্ষার ফল পজিটিভ পাওয়া গেলে পরীক্ষার গুণগত মান নিশ্চিত করা এবং রোগীর তথ্য নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট সকল বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারকে পজিটিভ হয়েছে এমন রক্তের নমুনা এবং রোগীর নাম, বয়স, লিঙ্গ, ঠিকানা ও মোবাইল নম্বরসহ পরীক্ষার রিপোর্টের অনুলিপি জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য পরামর্শদেয়া যাচ্ছে। বিষয়টি গুরুত্বপূর্ণ।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- [www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।